

তুমিই বলে দাও

জাকারিয়া রিপন

রাত জেগেছে নদীর আচলে জল
দূর আকাশে হিম শীতল তারার হাওয়া
এই গভীর রাতে বালিশে মুখ লুকিয়ে যে মেয়েটি কাদে
তুমিই বলে দাও কোন ফুলে বাধন মালা।

গাঙচিলটি নদীর ভেতর তারা খোজে
কবি যেমন খোজে নীলের মাঝে শব্দের মিছিল
পাথর কেটে যে হীরা, তার পায়ের মলে বাজবে কি
তুমিই বলে দাও কোন ফুলে বাধন মালা।

তার চোখ বেয়ে – বেয়ে যে ফুলের পাপড়িগুলো ঝরে গেল
প্রজাপতি কি রঙধনুকে ধরে রাখতে পারবে তার ভুবনে।
উই পোকাকার মতো তার চাওয়া – পাওয়া
তুমিই বলে দাও কোন ফুলে বাধন মালা।

যে মাটিতে প্রথম পা, সে মাটিতে ফুল ফোটে
যে বুকের সুধা নিয়ে গড়েছি এ ভুবন
যে চোখে চোখ রেখে আমি খুজে পাই আর – সব
তুমিই বলে দাও কোন ফুলে বাধন মালা।